গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শাখা-১১ (মাধ্যমিক-২)
www.moedu.gov.bd

তারিখ: ০৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২.৭৪৪

## পরিপত্র

**বিষয়ঃ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (সাধারণ-মাদরাসা-কারিগরি-ইংরেজি মাধ্যম) নিরাপত্তা নিশ্চিতকরণ।**

সরকার গভীর উদ্বেগের সাথে লক্ষ করছে যে, ঢাকা মহানগরসহ অন্যান্য মহানগরী এবং জেলা সদরে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা মানসম্মত নয়। বিভিন্ন সময়ে নানা কারণে সৃষ্ট নাজুক পরিস্থিতিতে স্পর্শকাতর এ সব শিক্ষা প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে এবং ছাত্র শিক্ষক এবং অভিভাবক মহলে উদ্বেগ-উৎকণ্ঠার সৃষ্টি হয়। ফলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান বিঘ্নিত হয়, শিক্ষা শৃঙ্খলা লংঘিত হয় এবং সম্পদ ও জীবন ঝুঁকির মধ্যে পতিত হয়।

০২। বর্ণিতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিষ্ঠানসমূহের সার্বিক নিরাপত্তা সংক্রান্ত একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে জাবিকৃত জরুরি বিজ্ঞপ্তির সাথে সামঞ্জস্য রেখে নিম্নে বর্ণিত নির্দেশনা সম্বলিত পরিপত্র জারি করা হলো:

(১) প্রতেক্যটি গেটে স্কুলের ব্যবস্থাপনায় ইউনিফর্মধারী নিরাপত্তা প্রহরী অথবা প্রয়োজনীয় ক্ষেত্রে আনসার মোতায়ন রাখতে হবে;

(২) সবুজ বেষ্টনী দ্বারা পরিবেষ্টিত হতে হবে;

(৩) ক্লাশ চলাকালীন শিক্ষক-কর্মচারী ব্যতীত অন্যদের প্রতিষ্ঠানে অবস্থান নিয়ন্ত্রণ করতে হবে;

(৪) ডাইনামিক ওয়েব সাইট থাকতে হবে। একটি ওয়েব মেইল, ই-মেইল আইডি এবং নির্দিষ্ট মোবাইল নম্বর (হট লাইন) সকল ছাত্র, শিক্ষক, অভিভাবককে প্রদান করতে হবে যাতে নিরাপত্তা সংক্রান্ত কোন ঝুঁকির খবর আদান প্রদান করা যায়;

(৫) নিকটস্থ থানা-ফাঁড়ি, ফায়ার ব্রিগেড ও শিক্ষা দপ্তরের ফোন নম্বরসমূহ প্রতিষ্ঠানের বিভিন্ন স্থানে বড় হরফে প্রদর্শন করতে হবে;

(৬) শিক্ষকদের সমন্বয়ে সার্বিক নিরাপত্তা সংক্রান্ত একটি ভিজিলেন্স টিম গঠন করবে এবং টিম মাসে এক বা একাধিক সভায় মিলিত হয়ে সার্বিক বিষয়ে রিপোর্ট তৈরি সহ করণীয় নির্ধারণ করবে;

(৭) নিজ নিজ স্থাপনা, ভবন, পথ এবং চার পার্শ্বের রাস্তা ইত্যাদির ম্যাপ তৈরি করে স্কুলের ভিতরে বড় বোর্ডে তা দৃশ্যমান স্থানে প্রদর্শন করবে;

(৮) তাদের নিরাপত্তা ঝুঁকি এবং করণীয় বিষয়ে ছাত্র, শিক্ষক, অভিভাবকদের মধ্যে লিফলেট বিতরণের মাধ্যমে সচেতনতা সৃষ্টি করবে;

(৯) নিরাপত্তা বিঘ্নকারী বা নিরাপত্তা ঝুঁকির কারণ ঘটলে বা সম্ভাবনা দেখা দিলে নিকটস্থ থানা/ফাঁড়ি এবং আইন শৃঙ্খলা বাহিনীর তাৎক্ষণিক দৃষ্টিগোচরে আনতে হবে;

(১০) কোন পুকুর থাকলে তা ঝুঁকিমুক্ত অবস্থায় রাখতে হবে;

(১১) ল্যাবরেটরি ব্যবহারের সময় রাসায়নিক দ্রব্য ব্যবহারে ও বর্জ্য ব্যবস্থাপনায় সর্তকর্তা অবলম্বন করতে হবে;

চলমান-

(১২) ভূমিকম্পের ঝুঁকি সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় অবগত রাখতে হবে:

(ক) ভূমিকম্প অনুভূত হলে কেউ আতঙ্কিত হবেন না;

(খ) ভূকম্পনের সময় টেবিল, ডেস্ক বা শক্ত কোন আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে হবে;

(গ) গ্যাসের চুলা যদি থাকে বন্ধ করে দ্রুত কক্ষ হতে বেরিয়ে আসতে হবে;

(ঘ) বীম, কলাম ও পিলার ঘেঁষে আশ্রয় নিতে হবে;

(ঙ) স্কুল ব্যাগ মাথায় দিয়ে শক্ত বেঞ্চ অথবা শক্ত টেবিলের নিচে আশ্রয় গ্রহণ করতে হবে;

(চ) ভাংগা দেয়ালের নিচে চাপা পড়লে বেশি নড়া চড়ার চেষ্টা করবেন না। কাপড় দিয়ে মুখ ঢেকে রাখতে হবে, যাতে ধুলা বালি শ্বাস নালিতে না ঢোকে তা খেয়াল রাখতে হবে;

(ছ) একবার কম্পন হওয়ার পর আবারও কম্পন হতে পারে। তাই সুযোগ বুঝে বের হয়ে খালি জায়গায় আশ্রয় নিতে হবে;

(জ) উপর তলায় থাকলে কম্পন বা ঝাঁকুনি না থামা পর্যন্ত অপেক্ষা করতে হবে। তাড়াহুড়ো করে লাফ দিয়ে বা লিফট ব্যবহার করে নামা থেকে বিরত থাকতে হবে;

(ঝ) কম্পন বা ঝাঁকুনি থামলে সিঁড়ি দিয়ে দ্রুত বেরিয়ে পড়তে হবে এবং খোলা আকাশের নিচে অবস্থান নিতে হবে;

(ঞ) ব্যাটারিচালিত রেডিও, টর্চলাইট, পানি এবং প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম শিক্ষা প্রতিষ্ঠানে রাখতে হবে;

(১৩) মাল্টিমিডিয়ার মাধ্যমে দুর্যোগকালীন করণীয় বিষয় ক্লাশসমূহে প্রদর্শন করতে হবে;

(১৪) ভূমিকম্প প্রস্তুতির মহড়ার আয়োজন করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

নং-ওএম/৪৯-জিএ/২০১৫/৭৯৪৮/৪০০- -জিএ তারিখ: ০৭ /০২/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। অধ্যক্ষ (সরকারি/বেসরকারি)------------------------------------------------------------------------
৪। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----------------------------------অঞ্চল, ------------------
৫। জেলা শিক্ষা অফিসার (সকল),---------------------------------------------------------------------------
৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে আদেশটি প্রকাশের অনুরোধসহ)।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা:--------------------------জেলা:---------------------
৮। প্রধান শিক্ষক/সুপার (সকল), -------------------------------------------------------------------------
৯। প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০। সংরক্ষণ নথি।

৭।২।১৬

(এ টি এম আল ফাত্তাহ)
সহকারী পরিচালক (সা: প্র:)
☎ ৯৫৫৬৪৩২

D:\LETTER\LETTER (INDOS)_NIKOSH_(Legal).doc